যুগান্তর

তারিখ 01 ... 2015
পৃষ্ঠা

বিভিন্ন জেলায় একাদশে ভর্তি নিয়ে বিড়ম্বনা

# হাটহাজারী কলেজে ছাত্রলীগের তাণ্ডব

**যুগান্তর ডেস্ক**

বিভিন্ন স্থানে একাদশ শ্রেণীতে ভর্তিতে বিড়ম্বনার শিকার হচ্ছেন শিক্ষার্থীরা। অন্যদিকে অনৈতিক দাবি পূরণ না হওয়ায় হাটহাজারী কলেজে ভাঙচুর চালিয়েছে ছাত্রলীগ। যুগান্তর প্রতিনিধিদের পাঠানো খবর—

**হাটহাজারী :** হাটহাজারী বিশ্ববিদ্যালয় কলেজে ছাত্রলীগের নেতাকর্মীরা ঘণ্টাব্যাপী তাণ্ডব চালিয়ে কলেজ ক্যাম্পাসে ভাঙচুর করেছে। এ সময় একাদশ শ্রেণীতে ভর্তি হতে আসা শত শত শিক্ষার্থীকে চরম দুর্ভোগে পড়তে হয়েছে। এছাড়া ভর্তির জন্য কলেজ ক্যাম্পাসে আসা কয়েকজন শিক্ষার্থীকে লাঞ্ছিত করে তাদের হাতে থাকা মূল্যবান কাগজপত্র ছিনিয়ে নিয়ে তা ছিঁড়ে ফেলার ঘটনাও ঘটেছে। মঙ্গলবার দুপুর ১২টায় এ ঘটনাটি ঘটেছে বলে জানান সাধারণ শিক্ষার্থী ও শিক্ষক-শিক্ষিকাবৃন্দ। কলেজে ভর্তি হতে আসা উম্মে হাবিবা আঁখি সাংবাদিকদের জানান, ওরা (ছাত্রলীগ কর্মী) আমার বড় ভাই বাবুকে অহেতুক টেনেহিঁচড়ে তাকে মারধর করার চেষ্টা চালিয়েছে। একপর্যায়ে আমার হাতে থাকা ভর্তির জন্য আনা এসএসসি পরীক্ষার রেজিঃ কার্ড ও যাবতীয় কাগজপত্র নিয়ে ছিঁড়ে ফেলে। এ ব্যাপারে কলেজ অধ্যক্ষ মির কফিল উদ্দীন সাংবাদিকদের জানান, ছাত্রলীগ নেতাকর্মীরা স্থানীয়দের প্রাধান্য দেয়াসহ বিভিন্ন অনৈতিক দাবি করেন। সব অনৈতিক দাবি পূরণে আমি অক্ষম বলে জানালে ছাত্রলীগ কর্মীরা কলেজ ক্যাম্পাসে তাণ্ডব চালায়।

**গৌরীপুর :** এবার একাদশ শ্রেণীতে ভর্তিচ্ছুক শিক্ষার্থীরা 'ভুলের রাজ্যে দিশেহারা' হয়ে পড়েছে। ওদের ভোগান্তির অন্ত নেই! সীমাহীন দুর্ভোগের পর কলেজ ভর্তির সুযোগ পেয়েও আরেক দফা বিড়ম্বনার শিকার হতে হচ্ছে একাডেমিক ট্রান্সক্রিপ্টের ভুলে। গৌরীপুর সরকারি কলেজ, মহিলা ডিগ্রি কলেজসহ বিভিন্ন কলেজ 'নম্বরপত্র যথাসময়ে জমা দিতে ব্যর্থতার জন্য কর্তৃপক্ষ দায়ী নয়' উল্লেখ করে মুচলেখা নিয়ে চলছে ভর্তি কার্যক্রম। গৌরীপুরে এ ভুলের শিকার দেড় সহস্রাধিক ছাত্রছাত্রী আবারও দুর্ভোগের শিকার হলেন।

**নাটোর :** নাটোরের নবাব সিরাজ উদ দৌলা সরকারি কলেজের নামে তালিকা না আসায় কোনো ছাত্র-ছাত্রী ভর্তি হতে পারছে না। চলতি শিক্ষাবর্ষে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে এসএসসি এবং সমমানের পরীক্ষায় পাস করে একাদশ শ্রেণীতে আবেদন করেও ভর্তি হতে না পারায় এই কলেজে ভর্তি প্রক্রিয়ায় অচল অবস্থার সৃষ্টি হয়েছে। কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মো. আতাউর রহমান জানান, তার কলেজে মানবিক, বিজ্ঞান এবং বাণিজ্য বিভাগে ভর্তির জন্য ইন্টারনেটের মাধ্যমে বেলা আড়াইটা পর্যন্ত কোনো তালিকা না আসায় ছাত্রছাত্রী ভর্তি করা সম্ভব হচ্ছে না।

**বরিশাল ব্যুরো :** একাদশ শ্রেণীতে অনলাইনে ভর্তি প্রক্রিয়ার পরও শিক্ষার্থী সংকটের আশংকায় রয়েছে বরিশালের বেশির ভাগ কলেজ। তবে বর্তমান প্রক্রিয়ায় কোনো কলেজেই শিক্ষার্থী সংকট থাকবে না বলে দাবি শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের। বরিশাল শিক্ষা বোর্ডের অধীনে ৩৩৫টি কলেজে মোট আসন রয়েছে ১ লাখ ৩৪ হাজার ২১৭টি। বরিশাল শিক্ষা বোর্ড থেকে এ বছর পাস করেছে প্রায় ৫৯ হাজার ৪৪৬ জন হাজার। আর ভর্তির জন্য আবেদন পড়েছে প্রায় ৫৮ হাজার। মোট কলেজের মধ্যে ১০টি কলেজেই ভর্তির জন্য আবেদন পড়েছে ২০টিরও কম। অধিকাংশ শিক্ষার্থীরই পছন্দের তালিকার শীর্ষে রয়েছে অমৃত লাল দে মহাবিদ্যালয়, সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ ও জেলা শহরের সরকারি কলেজগুলো।



হাটহাজারী বিশ্ববিদ্যালয় কলেজে মঙ্গলবার ছাত্রলীগের নেতাকর্মীরা তাণ্ডব চালিয়েছে। এ সময় কলেজে ভর্তি হতে আসা এক ছাত্রীর কাগজপত্র ছিনিয়ে নেয়া হয়। অসহায় ওই ছাত্রী কান্নায় ভেঙে পড়েন যুগান্তর